

এসএসসির ফরম পূরণ, জেনে নিন কত ফি

অনলাইন ডেক্স

প্রকাশিত: ১৬:৫১, ১৬ অক্টোবর ২০২৩



শিক্ষার্থীরা। ফাইল ছবি।

ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের অধীনে ২০২৪ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার ফরম অনলাইনে পূরণ ও প্রয়োজনীয় ফি পরিশোধের নির্দেশনা দেওয়া হয়েছে।

রবিবার (১৫ অক্টোবর) এ নির্দেশনা দিয়েছে ঢাকা শিক্ষা বোর্ড। শিক্ষার্থীদের তথ্য সংবলিত সম্ভাব্য তালিকা ঢাকা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে ২৯ অক্টোবর দেওয়া হবে। ওই সম্ভাব্য তালিকা থেকে ৩০ অক্টোবর থেকে ৭ নভেম্বরের মধ্যে অনলাইনে ফরম পূরণ সম্পন্ন করতে হবে।

আরও পড়ুন >> ২৭ লাখ টাকার শিক্ষাবৃত্তি!

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, এসএসসির ফরম পূরণে বিজ্ঞানবিভাগের পরীক্ষার্থীদের লাগবে ২ হাজার ১৪০ টাকা। এর মধ্যে বোর্ড ফি ১ হাজার ৬২৫ টাকা ও কেন্দ্র ফি ৫১৫ টাকা। ব্যবসায় শিক্ষার প্রত্যেক পরীক্ষার্থীর জন্য লাগবে ২ হাজার ২০ টাকা। এর মধ্যে বোর্ড ফি ১ হাজার ৫৩৫ টাকা এবং কেন্দ্র ফি ৪৮৫ টাকা। মানবিক বিভাগের জন্য পরীক্ষার্থী প্রতি লাগবে ২ হাজার ২০ টাকা। এর মধ্যে বোর্ড ফি ১ হাজার ৫৩৫ টাকা এবং কেন্দ্র ফি ৪৮৫ টাকা।

এসএসসির নির্বাচনী পরীক্ষার ফল প্রকাশ করতে হবে ২৬ অক্টোবর। বিলম্ব ফি ছাড়া ফরম পূরণ করতে হবে ৩০ অক্টোবর থেকে ৮ নভেম্বরের মধ্যে। বিলম্ব ফি ছাড়া অনলাইনে ফি জমা দেওয়ার শেষ তারিখ ৮ নভেম্বর। বিলম্ব ফিসহ ৯ থেকে ১৩ নভেম্বর পর্যন্ত অনলাইনে ফরম পূরণ করা যাবে। আর পরীক্ষার্থী প্রতি ১০০ টাকা বিলম্ব ফি দিয়ে অনলাইনে ফি জমা দেওয়া যাবে ১৪ নভেম্বরের মধ্যে।

পরীক্ষার্থীদের বেতন ও সেশন চার্জ ৩১ ডিসেম্বর পর্যন্ত পরিশোধ করতে হবে। কোনো পরীক্ষার্থীর কাছ থেকে নবম ও দশম শ্রেণির সর্বমোট ২৪ মাসের বেতন ও সেশন চার্জ নেওয়া যাবে।

